# সেনাসদর, ই ইন সি'র শাখা

পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস

ঢাকা-১২০৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এ নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নিয়োগের নিমিত্তে বাংলাদেশের যোগ্য নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী বি/আর বেতন স্কেল (২০১৫) ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ১২৮ (একশত আটাশ) টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদি সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা |
| ২। | উপ-সহকারী প্রকৌশলী ই/এম বেতন স্কেল (২০১৫) ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ৬২ (বাষট্টি) টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদি ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বা মেকানিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

১। প্রার্থীর বয়সসীমা ১৭ নভেম্বর ২০২৪ (দরখাস্ত জমা প্রদান শুরুর তারিখ) তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা হবে সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্ব-শাসিত ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের এবং বিভিন্ন কর্পোরেশনে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৩। সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্ব-শাসিত ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের এবং বিভিন্ন কর্পোরেশনে চাকরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করে নিয়োগপ্রাপ্ত হলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হবে এবং তার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হবে। জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হবে না।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখ ২৩ জুলাই ২০২৪ অনুযায়ী কোটা নির্ধারিত হবে।

৫। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ নিয়োগ বাতিল ও অন্যান্য সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

৭। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী:**

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://mes.teletalk.com.bd/ ওয়েবসাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপ:

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা প্রদান শুরুর তারিখ ঃ ১৭ নভেম্বর ২০২৪।

(২) Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ঃ ০৮ ডিসেম্বর ২০২৪।

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থীকে তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও স্বাক্ষরের ফাইল সাইজ সর্বোচ্চ ৬০ kb এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও ছবির ফাইল সাইজ সর্বোচ্চ ১০০ kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

গ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী কর্তৃক নিজে শতভাগ নিশ্চিত হতে হবে।

ঘ। প্রার্থী কর্তৃক Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করতে হবে।

ঙ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী কর্তৃক প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী কর্তৃক নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। সকল পদের জন্য (পরীক্ষার ফি ৫০০/- +কমিশন ১০% হিসেবে ৫০/- + ভ্যাট ১৫% হিসেবে ৮/-)= ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : MES<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS : MES<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী কর্তৃক সংরক্ষণ করতে হবে।

চ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mes.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসহ বর্ণিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(১) User ID জানা থাকলে MES<space>Help<space>User<space>User ID & Send to 16222. (Example: MES Help User ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে MES<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. (Example: MES Help PIN 12345678 & Send to 16222)

ঝ। Online এ আবেদন দাখিল সংক্রান্ত কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।

৮। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্যসহ বর্ণিত/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(২) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্বের সনদপত্র।

(৩) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে আবেদন করলে প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(৪) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সনদের সত্যায়িত অনুলিপি।

(৫) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

(৬) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(৭) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

(৮) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান কোটায় আবেদন করলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এ প্রকাশিত প্রমাণকসমূহের সত্যায়িত অনুলিপি (স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০২.১০.২৪২৬.২০১৭/৭৯৩ তারিখ ২১ জুন ২০১৭) এবং প্রমাণকের আলোকে সকল তথ্য ও প্রার্থীর স্বাক্ষর সংবলিত ছক।

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিকস্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্ব-শাসিত ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯। **বিবিধ:**

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd এবং www.mes.portal.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

আই এস পি আর/সেনা/৬৬৭
০৬/১১/২৪

ডিজি-১৮৩৫/২৪ (১৮″×৪)